বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আবশ্যক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী) ঃ

শিক্ষক পদ

১। **পুরকৌশল বিভাগ**
সহযোগী অধ্যাপক-এর ২ টি স্থায়ী পদ। বেতন স্কেলঃ ৳ঃ ২৫৭৫০-৩৩৭৫০/-।

২। **নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ**
সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেলঃ ৳ঃ ২৫৭৫০-৩৩৭৫০/-।

৩। **কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ**
(ক) সহকারী অধ্যাপক-এর ২ টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳ঃ ১৮৫০০-২৯৭০০/-।
(খ) লেকচারার-এর ৪ টি অস্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১১০০০-২০৩৭০/-

৪। **পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ কৌশল বিভাগ**
সহকারী অধ্যাপক-এর ২ টি পদ। ১ টি স্থায়ী পদ এবং ১ টি অস্থায়ী পদ (অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳ঃ ১৮৫০০-২৯৭০০/-।

৫। **গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ**
(ক) সহযোগী অধ্যাপক-এর ১ টি অস্থায়ী পদ (অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেলঃ ৳ঃ ২৫৭৫০-৩৩৭৫০/-।
(খ) সহকারী অধ্যাপক-এর ১ টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳ঃ ১৮৫০০-২৯৭০০/-।

৬। **পানি সম্পদ কৌশল বিভাগ**
লেকচারার-এর ১ টি অস্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১১০০০-২০৩৭০/-

কর্মকর্তা পদ

১। **উপাচার্য অফিস**
পি.এস টু ভি.সি-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ঃ ৳ঃ ১৫০০০-২৬২০০/-।

২। **কম্পট্রোলার অফিস**
(ক) সহকারী পরিচালক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ঃ ৳ঃ ১৫০০০-২৬২০০/-।
(খ) একাউন্টস অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১১০০০-২০৩৭০/-।
(গ) সহকারী প্রোগ্রামার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১১০০০-২০৩৭০/-।

৩। **যন্ত্রকৌশল বিভাগ**
ইন্সট্রাক্টর ইন ড্রাফটিং (এম.ই)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১১০০০-২০৩৭০/-।

৪। **প্রকৌশল অফিস**
সহকারী প্রকৌশলী (পুর)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১১০০০-২০৩৭০/-

উপরোল্লিখিত পদসমূহের দরখাস্ত দাখিলের শেষ তারিখ ঃ ০৬/১২/২০১৫

বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইট **(www.buet.ac.bd/regoffice/)** এবং বুয়েটের নোটিশ বোর্ড দেখা অথবা রেজিস্ট্রার অফিসের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করা যাইতে পারে।

রেজিস্ট্রার

চলমান পাতা/২

১। **পি.এস-টু-ভিসি-এর নির্ধারিত যোগ্যতা ঃ-**

প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাষ্টার্স ডিগ্রীধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণীর পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

২। **(ক) সহকারী পরিচালক-এর নির্ধারিত যোগ্যতা ঃ-**

প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে কমার্স/ব্যবসা প্রশাসনে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী এবং একাউন্টস অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণীর পদে একাউন্টস এর কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/ শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

(খ) একাউন্টস অফিসার-এর নির্ধারিত যোগ্যতা ঃ-

সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে বাণিজ্য/ ব্যবসা প্রশাসন-এ স্নাতকোত্তর ডিগ্রী + কোনো প্রতিষ্ঠানে হিসাব সংক্রান্ত কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ হিসাব রক্ষক বা সমমান পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/ সহকারী হিসাব রক্ষক বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

(গ) সহকারী প্রোগ্রামার-এর নির্ধারিত যোগ্যতা ঃ-

১। প্রার্থীকে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী অথবা পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/গণিত/পরিসংখ্যান/ বাণিজ্য/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ব্যবসা প্রশাসনে মাস্টার্স ডিগ্রীধারী হইতে হইবে।

২। প্রার্থীকে সংশ্লিষ্ট প্রফেশন্যাল সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। ইহা প্রকৌশলীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৩। **ইন্সট্রাক্টর ইন ড্রাফটিং(এম.ই)-এর নির্ধারিত যোগ্যতা ঃ-**

Bachelor Degree in Mechanical Engineering from a recongnised University. **OR**
Diploma in Mech. Engg. from a recognised Board or Institute having at least 5 years experience in drawing in related fields.

৪। **সহকারী প্রকৌশলী-এর নির্ধারিত যোগ্যতা ঃ-**

The candidate must possess Bachelor's degree in Engineering of a recognised university in the relevant branch. **OR**
Diploma in Engineering with at least 5 years experience as Sub-Assistant Engineer in the relevant branch.

সকল পদের জন্য প্রযোজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রাপ্ত নির্ধারিত ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (শিক্ষক পদের ক্ষেত্রে REG-1-এ ১৫ সেট ও কর্মকর্তা পদের ক্ষেত্রে REG-2-এ ১০ সেট) জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং এই বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার-এর অনুকূলে প্রদেয় ৳ঃ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ঢাকা মহানগরস্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক, টাকা জমার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম(REG-1/REG-2)এবং শিক্ষক পদের Q.T এই বিশ্ববিদ্যালয়ের Web Site-(www.buet.ac.bd/regoffice/) এর download page এবং কর্মকর্তা পদের Q.T. Vacancy-এর Job circular page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষর/-
(প্রফেসর ডঃ এন.এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/৪১০২৯/৪১৫৮১/৩৯৯৬০/৪০৩৪০/৪০১৫৮/৪১২৯৭/৩৬২৫৩/৪১৪৯৮/২৩৩১৫/২২৫৩১/৪০৫০৮/রে-৩৪২৮(৬০) তারিখঃ ১৪/১১/২০১৫

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ঃ-

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
৩। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।

R@_Mustafiz.com/BAW_59/Advertisement_(Teacher & Officer)_2015_PDF